

ক্যান্সার দেখে যায় চেনা

প্যাথলজি বিশেষজ্ঞগণ খালি চোখে ও মাইক্রোস্কোপ -এর ম্যাধ্যমে দেখে ক্যান্সার রোগ নির্ণয় করেন। সার্জন ক্যান্সার কেটে হিস্টোপ্যাথলজিক্যাল পরীক্ষার জন্য প্যাথলজি বিশেষজ্ঞ (প্যাথলজি বিষয়ে এম ফিল, এম ডি অথবা এফ সি পি এস পাস) -এর নিকট পাঠান। সাধারণ জনগণ এটাকে মাংস পরীক্ষা বলে। মাংস ১০% ফরমালিনে ডুবিয়ে পাঠাতে হয় যাতে পচে না যায়। মাংস কিছু কিছু অংশ পচা থাকলে বা রক্তক্ষরণ যুক্ত থাকলে বা এব্রোথেব্রো থাকলে ক্যান্সার সন্দেহ করা হয়।

ক্যান্সার হলে কোষ বিন্যাসে পরিবর্তন হয়। হাজারো রকম ক্যান্সারে হাজারো রকম কোষ বিন্যাস আছে। মাংস অতি পাতলা করে কেটে কাচের স্লাইডে নিয়ে মাইক্রোস্কোপ দিয়ে কোষ বিন্যাস দেখে প্যাথলজিস্টগন ক্যান্সার রোগ চিনে থাকেন।

আমরা গাছের ডালপালা ও পাতার বিন্যাস দেখে যেমন বিভিন্ন রকম গাছ চিনতে পারি তেমনি কোষ বিন্যাস দেখে প্যাথলজিস্টগন বিভিন্ন রকম ক্যান্সার চিনতে পারেন। কোন কোন গাছ যেমন সহজেই চেনা যায় তেমনি কোন কোন ক্যান্সারও সহজে চেনা যায়। কোন কোন গাছ আছে দেখতে প্রায় একরকম হলেও ভিন্ন জাতের। তেমনি কোন কোন ক্যান্সার আছে দেখতে প্রায় এক রকম। এইগুলি নির্ণয় নিয়ে প্যাথলজিস্টগনের সমস্যা হয়। তখন কয়েকজন মিলে মতামত দিয়ে একটি রোগ নির্ধারণ করেন। অথবা আরও উন্নত প্রযুক্তিগত পরীক্ষা করে সঠিক রোগ নির্ণয় করেন। তবে অধিকাংশ ক্ষেত্রেই চোখ দিয়ে দেখে যায় চেনা।

====

ডাঃ সাদেকুল ইসলাম তালুকদার

ফেইসবুক পোস্ট

সাধারণ স্বাস্থ্যজ্ঞান

১/৬/২০১৭